



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৭৩৭

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০

১২ জুন ২০২৩

বিষয়: ঢাকা বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টি লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে মোট ৪৫৯০ মে.টন বোরো'২৩ সিদ্ধ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ১১-০৬-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০২.২২-৩৪৩৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাংগাইল ও গোপালগঞ্জ জেলায় বোরো সংগ্রহ'২৩ সিদ্ধচাল শতভাগ অর্জনের জন্য খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ফরিদপুর, শরীয়তপুর, গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী ও ঢাকা জেলার কতিপয় এলএসডি/সিএসডির পর্যাপ্ত খালি জায়গা থাকায় সাশ্রয় রুট বিবেচনায় সড়ক পথে মোট ৪৫৯০ মে.টন বোরো'২৩ সিদ্ধচাল বিভাগীয় চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা কর্তৃক সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর প্রস্তাবমতে টাংগাইল ও গোপালগঞ্জ জেলায় বোরো সংগ্রহ'২৩ সিদ্ধচাল শতভাগ অর্জনের জন্য খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ফরিদপুর, শরীয়তপুর, গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী ও ঢাকা জেলার কতিপয় এলএসডি/সিএসডির পর্যাপ্ত খালি জায়গা থাকায় সাশ্রয় রুট বিবেচনায় সড়ক পথে মোট ৪৫৯০ মে.টন বোরো'২৩ সিদ্ধচাল ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : ঢাকা বিভাগে বোরো'২৩ সিদ্ধ চালের চলাচল সূচির অনুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	গোপালগঞ্জ	গোপালগঞ্জ এলএসডি	শরীয়তপুর	গোসাইরহাট এলএসডি	৬০০	বোরো'২৩ সিদ্ধ চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	ভেদরগঞ্জ এলএসডি	৪০০	ঐ	ঐ	
৩.	ঐ	সিঙ্কিয়াঘাট এলএসডি	ঐ	নড়িয়া এলএসডি	৫৮০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	ফরিদপুর	সদরপুর এলএসডি	৬০০	ঐ	ঐ	
৫.	ঐ	টুঞ্জিপাড়া এলএসডি	শরীয়তপুর	আংগারিয়া এলএসডি	২৬০	ঐ	ঐ	

৬.	টাংগাইল	বিশ্বাস বেতকা এলএসডি	গাজীপুর	কালিগঞ্জ এলএসডি	৩০০	ঐ	ঐ	
৭.	ঐ	কালিহাতি এলএসডি	মানিকগ ঞ্জ	ঝিটকা এলএসডি	২০০	ঐ	ঐ	
৮.	ঐ	ঘাটাইল এলএসডি	নরসিংদী	শিবপুর এলএসডি	২৫০	ঐ	ঐ	
৯.	ঐ	ঐ	ঢাকা	তেজগাঁও সিএসডি	৪০০	ঐ	ঐ	
১০.	ঐ	ধনবাড়ী এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ	
১১.	ঐ	মধুপুর এলএসডি	ঐ	ঐ	৪০০	ঐ	ঐ	
১২.	ঐ	গোপালপুর এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ	
				মোট =	৪৫৯০			

### নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারক, ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(৪) এছাড়া ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১২-৬-২০২৩  
মোঃ ফজলে রাস্কী হায়দার  
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৭৩৭/১(৫)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০  
১২ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (ভারপ্রাপ্ত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



১২-৬-২০২৩  
মোঃ ফজলে রাস্কী হায়দার  
উপপরিচালক